রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৭, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)

## প্রজ্ঞাপন

তারিখ, ১৬ নভেম্বর ২০০২/২ অগ্রহায়ণ ১৪০৯

এস,আর,ও নং ৩১৬-আইন/২০০২/১৯৭৮/শুল্ক—Customs Act, 1969 (IV of 1969) এর section 18B এর sub-section (6) এবং sub-section 18C এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, বহিঃশুল্ক (ডাম্পকৃত পণ্য সনাক্তকরণ, শুল্কায়ন ও ডাম্পিং বিরোধী শুল্ক আদায় এবং স্বার্থহানি নিরুপণ) বিধিমালা, ১৯৯৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) প্রস্তাবনা অংশের "section 18B এর sub-section (6)" শব্দ, সংখ্যা ও বন্ধনীগুলির পরিবর্তে "section 18B এর sub-section (6) এবং section 18C এর sub-section (2)" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে ;

(খ) বিধি ২ এর দফা (চ) এর "আঞ্চলিক সংস্থা" দুইবার উল্লিখিত, শব্দগুলির পরিবর্তে "টেরিটরি" শব্দটি প্রতিস্থাপিত হইবে ;

(গ) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ নূতন উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি ডাম্পিং, স্বার্থহানি এবং ডাম্পিংকৃত আমদানি ও স্বার্থহানি অভিযোগের মধ্যে কার্যকারণ সম্পর্ক সংক্রান্ত পর্যাপ্ত প্রমাণাদির ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষের নিকট তদন্ত আরম্ভ করা যুক্তিসঙ্গত বিবেচিত হয় তবে সেই ক্ষেত্রে, বিশেষ পরিস্থিতিতে, দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ স্থানীয় শিল্প কর্তৃক অথবা উহার পক্ষে দাখিলকৃত লিখিত আবেদন ব্যতিরেকেই উক্তরূপ বিষয়ে তদন্ত আরম্ভকরণের সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।";


মূল্য ঃ টাকা ১.০০

(ঘ) বিধি-১২ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(গ) ডাম্পিং এর মাত্রা এবং রপ্তানি মূল্য ও স্বাভাবিক মূল্য স্থিরকরণ ও তুলনার জন্য অনুসৃত পদ্ধতি অবলম্বনের কারণ সম্পর্কিত পূর্ণ বিবরণ ;" ;

(ঙ) বিধি ১৫ এর উপ-বিধি (৬) এর শর্তাংশের "দ্রুত তদন্তকার্য সম্পন্ন করিবে" শব্দগুলির পরিবর্তে "এই বিধিমালার বিধান অনুযায়ী কার্যক্রম গ্রহণ করিবে। এই সকল ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তাৎক্ষণিকভাবে সাময়িক শুল্ক আরোপ করার বিষয়ে সরকারকে সুপারিশ করিতে করিবে" শব্দগুলি ও দাঁড়ি প্রতিস্থাপিত হইবে ;

(চ) বিধি ১৮ এর উপ-বিধি (১) এ—

(অ) "কোলন" এর পরিবর্তে "দাঁড়ি" প্রতিস্থাপিত হইবে ; এবং

(আ) শর্তাংশ বিলুপ্ত হইবে ; এবং

(ছ) পরিশিষ্ট-২ এর দফা (ঘ) এর "স্বাভাবিক এবং প্রয়োজনীয়" শব্দগুলির পরিবর্তে "প্রকৃত এবং সম্ভাব্য" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনযুর মান্নান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।